# ইরানে নোবেলজয়ী মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদি গ্রেপ্তার



সংগৃহীত ছবি

২০২৩ সালের নোবেল শান্তি পুরস্কারপ্রাপ্ত ইরানি মানবাধিকারকর্মী নার্গিস মোহাম্মদিকে গ্রেপ্তার করেছে ইরানের নিরাপত্তা বাহিনী। শুক্রবার এক স্মরণসভায় অংশ নিতে গিয়ে তাকে মারধরের পর আটক করা হয় বলে জানিয়েছেন তার সমর্থকরা।

সম্প্রতি মৃত মানবাধিকার আইনজীবী খসরো আলিকোর্দির স্মরণে আয়োজিত অনুষ্ঠানে যোগ দিতে মাশহাদ শহরে যান নার্গিস মোহাম্মদি। সেখান থেকেই তাকে অন্যান্য মানবাধিকারকর্মীর সঙ্গে আটক করা হয়। বিষয়টি নিশ্চিত করেছে তার ভাই এবং 'নার্গিস ফাউন্ডেশন'।

এর আগে গত সপ্তাহে খসরো আলিকোর্দির কার্যালয়ে তার মরদেহ উদ্ধার করা হয়। ওই ঘটনার পর আয়োজিত স্মরণসভায় অংশ নিতেই মোহাম্মদি সেখানে উপস্থিত ছিলেন।

নার্গিস ফাউন্ডেশন এক বিবৃতিতে নার্গিস মোহাম্মদিসহ আটক হওয়া সব মানবাধিকারকর্মীর অবিলম্বে মুক্তি দাবি করেছে। তবে এ বিষয়ে এখনো কোনো মন্তব্য করেনি ইরান কর্তৃপক্ষ।

উল্লেখ্য, ইরানে নারীদের ওপর নিপীড়নের বিরুদ্ধে ধারাবাহিক আন্দোলন ও মানবাধিকার রক্ষায় ভূমিকার স্বীকৃতিস্বরূপ ২০২৩ সালে নার্গিস মোহাম্মদিকে নোবেল শান্তি পুরস্কার দেওয়া হয়।

LENS ASIA